

পূর্বনির্ধারিত সেমিস্টার ও ক্রেডিট ফি কমিয়েছে শাবির নতুন প্রশাসন

শাবিপ্রবি সংবাদদাতা

প্রকাশ : ০৫ ফেব্রুয়ারি ২০২৫, ০৩:০৪



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রতি সেমিস্টারের পূর্ব-নির্ধারিত ‘সেমিস্টার ও ক্রেডিট ফি’ থেকে উল্লেখযোগ্য পরিমাণ টাকা কমানো হয়েছে। চলমান সেমিস্টার থেকে এ সিদ্ধান্ত কার্যকর হবে।

[📰](#) [দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন](#)

বিশ্ববিদ্যালয়ের জরুরি একাডেমিক কাউন্সিলে ফি কমানোর বিষয়ে এমন সিদ্ধান্ত হয় বলে জানায় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর।

জনসংযোগ দপ্তর জানায়, সভার সিদ্ধান্ত অনুযায়ী ২০২১-২০২২ শিক্ষাবর্ষের স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে ল্যাব ফি কমানো হয়েছে প্রতি ক্রেডিটে ১৫ টাকা (পূর্বে প্রতি ক্রেডিট ১৭৫ বর্তমানে ১৬০) এবং সেমিস্টার ফি ৫০০ টাকা হ্রাস করা হয়েছে।

এছাড়াও ২০২২-২০২৩ এবং ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের (স্নাতক ও স্নাতকোত্তর) তত্ত্বীয় প্রতি ক্রেডিট ২০ টাকা (পূর্বে তত্ত্বীয় প্রতি ক্রেডিট ১৪০ টাকা যা বর্তমানে ১২০), ল্যাব প্রতি ক্রেডিট ৪০ টাকা (পূর্বে প্রতি ক্রেডিট ২০০ টাকা যা বর্তমানের ১৬০ টাকা) এবং উভয় শিক্ষাবর্ষের সেমিস্টার ফি পূর্বের ফি থেকে ৫০০ টাকা কমানো হয়েছে।

বর্তমান নির্ধারিত ফি অনুসারে, ২০২২-২০২৩ এবং ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের একজন শিক্ষার্থী তত্ত্বীয় সর্বোচ্চ ৩০ ক্রেডিট রেজিস্ট্রেশন করলে পূর্বের ফি থেকে ১১০০ টাকা (সেমিস্টার ফি ও ক্রেডিট ফি) কম প্রদান করতে হবে। ফলে পূর্বের ৪ হাজার ২০০ টাকার বদলে ৩ হাজার ৬০০ টাকা দিতে হবে।

উল্লেখ্য, ইতোমধ্যে যে সকল শিক্ষার্থী ফি জমা দিয়েছেন রসিদ জমা সাপেক্ষে তাদের জমাকৃত ফি পরবর্তী সেমিস্টারে সমন্বয় করা হবে।

ইত্তেফাক/এমএএম